



জিনোম এডিটিং বিষয়ক সেমিনার



২৭ মে ২০২৪-সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ এর যৌথ আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে জিনোম এডিটিং বিষয়ক সেমিনার আয়োজিত হয়।

এতে প্রধান অতিথির আসন অলংকৃত করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি। তিনি বলেন, “একজন বিজ্ঞানী স্বার্থক হবেন তখনই যখন তার গবেষণার ফলাফল সকলের কাছে সহজেই বোধগম্য হয়। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জিনোম এডিটিং বিষয়ে গবেষণায় বিজ্ঞানীদের উৎসাহিত করে যাচ্ছেন। কারন জিনোম এডিটিং আমাদের কৃষকদের ফসল উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে।”

জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. সুমাইয়া ফারাহ খানের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



সেমিনারে আমন্ত্রিত বক্তা হিসেবে আলোচনা করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুরের ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর অধ্যাপক ড. মোঃ তোফাজ্জল ইসলাম।
এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ অন্যান্য গবেষকবৃন্দ উপস্থিত ছিলেন।